20

তারিখ ... 11 SEP 1994

পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক জনকণ্ঠ

# খুলনা বিভাগে সবার জন্য শিক্ষা কার্যক্রম হতাশাব্যঞ্জক

অমল সাহা, খুলনা অফিস।- খুলনা বিভাগে সবার জন্য শিক্ষা কার্যক্রম হতাশাব্যঞ্জক। প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী প্রায় সোয়া তিন লাখ শিশুকে এবার বিদ্যালয়ে ভর্তি করা যায়নি। যাদের ভর্তি করা হয়েছিল তাদের মধ্যে ৩ লক্ষাধিক শিশু ড্রপ আউট হয়েছে।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে, খুলনা বিভাগের ১০টি জেলায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী শিশুর সংখ্যা ২০ লাখ ৪২ হাজার ৫শ' ৩১ জন। বছরের শুরুতে বিভিন্ন বিদ্যালয়ে ১৭ লাখ ২১ হাজার ৭শ' জন শিশুকে ভর্তি করা হয়। কিন্তু দারিদ্র্য, ত্রুটিপূর্ণ শিক্ষাদান এবং শিক্ষার সুফল সম্পর্কে অসচেতনতার কারণে ৩ লাখ ১৭ হাজার ৪শ' ২৩ জন শিশু ড্রপ আউট বা ভর্তির পর বিদ্যালয়ে যায় না। সূত্রটি জানায়, বিভাগের খুলনা জেলায় ৬৩ হাজার ৬৭ জন, বাগেরহাটে ৭ হাজার ২শ' ৭০, সাতক্ষীরায় ১৪ হাজার ৪শ' ৬০, যশোরে ৬৯ হাজার ৫০, ঝিনাইদহে ১৭ হাজার ৯শ' ৯৬, মাগুরায় ২০ হাজার ১শ' ৬৪, কুষ্টিয়ায় ৫৪ হাজার ১শ' ৩৭, চুয়াডাঙ্গায় ২৯ হাজার ৩শ' ৬২; নড়াইলে ১৮ হাজার ২শ' ৬৭ এবং মেহেরপুর জেলায় ১৩ হাজার ৬শ' ৫০ জন শিশু ড্রপ আউট হয়েছে।

অপরদিকে বিদ্যালয়ে ভর্তি করা যায়নি খুলনা জেলায় ২২ হাজার ৫শ' ৩২ জন, বাগেরহাটে ১ লাখ ৪১ হাজার ৫শ' ৫৭ জন, সাতক্ষীরায় ২৮ হাজার ২শ' ৭২ জন, যশোরে ২৪ হাজার ৪শ' ৪৮, ঝিনাইদহে ১৩ হাজার ১শ' ৪২, মাগুরায় ৯ হাজার ৭শ' ৩৬, কুষ্টিয়ায় ৪২ হাজার ৭শ' ৪০, চুয়াডাঙ্গায় ২১ হাজার ২শ' ১০, নড়াইলে ৬ হাজার ২শ' ২১ এবং মেহেরপুর জেলায় ১১ হাজার ৬শ' ৬৬ জন শিশু। উপরোক্ত হিসাব অনুযায়ী ২০ লাখ ৪২ হাজার ৫শ' ৩১ জন শিশুর মধ্যে বর্তমানে বিদ্যালয়ে যায় ১৪ লাখ ৩ হাজার ৫শ' ৮৪ জন।

অবশ্য সরকারী হিসাব অনুযায়ী খুলনা বিভাগের প্রাথমিক শিক্ষার চিত্রটা কিছুটা ভিন্ন। কারণ হিসাবে ঐ সূত্রটি জানায়, ঊর্ধতন কর্মকর্তাদের সন্তুষ্ট করার জন্য ভর্তি বেশি এবং ড্রপ আউট কম দেখান হয়।